[redacted]

[redacted]

যার রোল নং-১২০৪০৫৯০, নিবন্ধন নং-০৫১০৯৭৬৭,তারিখ- ১৪/১২/২০০৬। জাল সনদ ধরা পড়ার পর অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে অদৃশ্য কারণে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করেণ ম্যানেজিং কমিটি।

এরপর গুলশান আরার এনটিআরসিএ সনদ জাল প্রমানিত হওয়ার খবর ছড়িয়ে পড়লে ম্যানেজিং কমিটির সভাপতি ১০/১২/২০১৩ তারিখে মিটিংয়ের সিদ্ধান্ত অনুযায়ী তার উত্তোলনকৃত বেতনের টাকা সরকারী কোষাগারে ফেরৎ দেয়ার নির্দেশ দেয়।

সে মোতাবেক গুলশান আরা দোষ স্বীকার করে উত্তোলনকৃত টাকা গত ১২-১২-২০১৩ তারিখে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক হরিণাকুণ্ডু শাখায় ১২৫৩১০০০০২৬৭৯ নং কোডে ৩২,১৪০/- টাকা জমা দেয়।

জালিয়াতি ধরা পড়ার পরেও তৎকালিন ম্যানেজিং কমিটির সভাপতি আক্তারুজ্জামান ও প্রধান শিক্ষক নজির উদ্দিন ঘুষ লেনদেনের মাধ্যমে তার অবৈধ নিয়োগপত্র এবং এমপিও বাতিল না করে ১১/১২/২০১৩ইং তারিখে মিটিং করে রেজুলেশনের মাধ্যমে তাঁর জাল সনদের নিয়োগ বহাল রাখেন।

অভিযুক্ত গুলশান আরা ২০/১২/২০১৫ তারিখে বৈধ এনটিআরসিএ সনদ অর্জন করেন। এরপর ম্যানেজিং কমিটির সভাপতি মশিউর রহমান জোয়ারদার ও প্রধান শিক্ষক আবুল কাসেম তার জাল সনদে অবৈধ নিয়োগের ইনডেক্স ব্যবহার করে পুণরায় ০১/০৭/২০১৬ তারিখে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়াই তার নিয়োগ স্থায়ী করেন । যা শিক্ষক নিয়োগ নীতিমালার পরিপন্থী।

উল্লেখ্য, শিক্ষক নিয়োগ নীতিমালায় এনটিআরসিএ জাল সনদ ধরা পড়ার পর ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি কোনো ভাবেই ওই শিক্ষককে স্থায়ী নিয়োগ দিতে পারে না। জাল সনদের বিষয়টি প্রমাণিত হলে তা ফৌজদারি অপরাধ হিসেবে গণ্য হয় এবং চাকরি থেকে তাৎক্ষণিক বরখাস্ত ও উত্তোলিত বেতন-ভাতাদি ফেরত ও এমপিও বাতিল করার নিয়ম রয়েছে।

আইন অনুযায়ী ম্যানেজিং কমিটি ওই শিক্ষককে রেজুলশেনের মাধ্যমে নিয়োগ বহাল রাখা এবং সনদ অর্জণ করতে দেওয়ার কোন সুযোগ নেই। বরং জাল সনদধারী শিক্ষক এবং তাকে নিয়োগে বা সহায়তা প্রদানকারী ম্যানেজিং কমিটির সংশ্লিষ্ট সদস্যদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার বিধান রয়েছে।”

অভিযুক্ত শিক্ষক গুলশান আরার কাছে জাল সনদে নিয়োগের ব্যাপারে জানতে চাইলে তিনি জানান, নিয়োগের সময় তার দাখিলকৃত এনটিআরসিএ সনদ জাল ছিল। তবে ২০১৫ সালে বৈধভাবে এনটিআরসিএ সনদ অর্জন করার পর ০১/০৭/২০১৬ তারিখে ম্যানেজিং কমিটি রেজুলেশনের মাধ্যমে ১১/১২/২০১১ তারিখে দেয়া অস্থায়ী নিয়োগ পুনরায় বহাল করেন।

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক মোছাঃ শিল্পী খাতুন জানান,আমি সম্প্রতি যোগদান করেছি। ততকালীন ম্যানেজিং কমিটি তাকে কি ভাবে নিয়োগ দিয়েছে আমি জানিনা।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রদীপ্ত রায় দীপন জানান, শিক্ষক নিয়োগে অনিয়মের প্রমান পেলে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রালয়ে চিঠি লিখবো।

জেলা শিক্ষা অফিসার মোঃ লুৎফর রহমান বলেন, যেহেতু নিয়োগটা ২০১১ সালের। আজ থেকে প্রায় ১৫ বছর আগে, এইটার যথাযথ অভিযোগ পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

এব্যপারে সূধীজনদের ধারণা এই ভুক্তভোগী শিক্ষককে আইনের আওতায় আনলে এই এনটিআরসিএ’র জাল সনদ সরবরাহকারী চক্রের সনাক্ত করা সম্ভব হবে।

মেহেরপুরের পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) সভাপতি নির্বাচিত হয়েছেন তরুণ উদ্যোক্তা, সমাজসেবক ও পরোপকারী ব্যক্তি শামস ই আলম।

শামস ই আলম একজন তরুণ উদ্যোক্তা হিসেবে নিজ কর্মক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি দীর্ঘদিন ধরে সামাজিক ও মানবিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। সমাজের অসহায় ও

সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো এবং বিভিন্ন জনকল্যাণমূলক কর্মকাণ্ডে সহযোগিতার মাধ্যমে তিনি স্থানীয়ভাবে একজন সমাজসেবক ও পরোপকারী ব্যক্তি হিসেবে পরিচিতি লাভ করেছেন।

শিক্ষাজীবনে তিনি ইংরেজি ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন। তাঁর শিক্ষাগত যোগ্যতা, কর্মদক্ষতা ও সামাজিক দায়বদ্ধতার কারণে বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।

বিদ্যালয়ের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীম হাসান।

নবনির্বাচিত সভাপতি শামস ই আলম বলেন, “বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা, বিদ্যালয়ের পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখা এবং শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক মূল্যবোধ গড়ে তোলার লক্ষ্যে আমি আন্তরিকভাবে কাজ করতে চাই। বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও স্থানীয় জনগণের সহযোগিতায় পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়কে একটি আদর্শ ও মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সর্বাত্মক প্রচেষ্টা চালাব।”

সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, শামস ই আলমের নেতৃত্বে বিদ্যালয়ের শিক্ষা, অবকাঠামোগত উন্নয়ন এবং সার্বিক কার্যক্রম আরও গতিশীল হবে। পাশাপাশি শিক্ষার্থীদের জন্য একটি সুন্দর, নিরাপদ ও শিক্ষাবান্ধব পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে।

বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতিকে ফুলেল শুভেচ্ছা

মুজিবনগর উপজেলার বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি নাসিম সুলতান সোহেল ও সদস্য সামসুল আলমকে ফুলেল শুভেচ্ছা